

আত-তুর | At-Tur | الطُّور

আয়াতঃ ৫২ : ২৩

আরবি মূল আয়াত:

يَتَنَازَعُونَ فِيهَا كَأْسًا لَا لَغْوٌ فِيهَا وَلَا تَأْثِيمٌ ﴿٢٣﴾

অনুবাদসমূহ:

তারা পরস্পরের মধ্যে পানপাত্র বিনিময় করবে; সেখানে থাকবে না কোন বেহুদা কথাবার্তা এবং কোন পাপকাজ।
— আল-বায়ান

তারা সেখানে পরস্পরের মধ্যে বিনিময় করবে পানপাত্র, থাকবে না সেখানে কোন বেহুদা বকবকানি, থাকবে না কোন পাপের কাজ। — তাইসিরুল

সেখানে তারা একে অপরের নিকট হতে গ্রহণ করবে পান পাত্র, যা হতে পান করলে কেহ অসার কথা বলবেনা এবং অসৎ কাজেও লিপ্ত হবেনা। — মুজিবুর রহমান

They will exchange with one another a cup [of wine] wherein [results] no ill speech or commission of sin. — Sahih International

২৩. সেখানে তারা পরস্পরের মধ্যে আদান প্রদান করতে থাকবে পানিপাত্র, সেখানে থাকবে না কোন অসার কথা-বার্তা, থাকবে না কোন পাপকাজও।(১)

(১) অর্থাৎ সেই শরাব নেশা সৃষ্টিকারী হবে না। তাই তা পান করে কেউ মাতাল হয়ে বেহুদা ও আবোলতাবোল বকবে না, গালি-গালাজ করবে না, কিংবা দুনিয়ার শরাব পানকারীদের মত অশ্লীল ও অশালীন আচরণ করবে না।
[আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

(২৩) সেখানে তারা একে অপরের নিকট হতে গ্রহণ করবে (মদ ভরা) পান-পাত্র,[1] যা হতে পান করলে কেউ অসার কথা বলবে না এবং পাপ কর্মেও লিপ্ত হবে না।[2]

[1] يَتَنَازَعُونَ فِيهَا كَأْسًا একে অপর থেকে নিবে। মদ অথবা পানীয় বস্তুতে ভর্তি পান-পাত্রকে বলে। খালি পাত্রকে كَأْس বলা হয় না। (ফাতহুল ক্বাদীর)

[2] সেই মদে দুনিয়ার মদের কোন ক্রিয়া থাকবে না। এ মদ পান করে (নেশাগ্রস্ত হয়ে) না আবোল-তাবোল বকবে, না অশ্লীল কথা বলবে, আর না এমন মাতাল হবে যে, তার ফলে কোন পাপ-কাজ করে বসবে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4758>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন